



## ৭ বিষয়ে ৬৫০ নম্বরের পরীক্ষা নেওয়ার প্রস্তাব

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

০৮ মে ২০১৮, ২১:৫৩

আপডেট: ০৮ মে ২০১৮, ২২:০৬



একটি কেন্দ্রে জেএসসি পরীক্ষায় অংশ নেওয়া শিক্ষার্থীরা। প্রথম আলো ফাইল ছবি

আগামী জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা থেকে নম্বর ও বিষয় কমছে। শিক্ষা বোর্ডগুলোর চেয়ারম্যানদের সংগঠন আন্তর্জাতিক বোর্ড সমন্বয় সাব কমিটি সাতটি বিষয়ে মোট ৬৫০ নম্বরের পরীক্ষা নেওয়ার প্রস্তাব করেছে। বর্তমানে চতুর্থ বিষয়সহ ১০টি বিষয়ে মোট ৮৫০ নম্বরের পরীক্ষা হয়।

আজ মঙ্গলবার আন্তর্জাতিক বোর্ড সমন্বয় সাব কমিটির সভায় এ প্রস্তাব করা হয় বলে প্রথম আলোকে জানিয়েছেন ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মু. জিয়াউল হক। তিনি বলেন, প্রস্তাবটি শিক্ষা মন্ত্রণালয়ে যাবে। মন্ত্রণালয় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের (এনসিটিবি) সঙ্গে আলোচনা করে চূড়ান্ত সিদ্ধান্ত নেবে।

একজন উর্ধ্বতন কর্মকর্তা বলেন, আজ বিকেলেই প্রস্তাবটি মন্ত্রণালয়ে যাওয়ার কথা।

আন্তর্জাতিক শিক্ষা বোর্ড সমন্বয় সাব কমিটির প্রস্তাব অনযায়ী. জেএসসিতে বাংলা প্রথম ও দ্বিতীয় মিলে ১০০ নম্বরের একটি পরীক্ষা হবে। ইংরেজিতেও দুই পত্র মিলে ১০০ নম্বরের পরীক্ষা

প্রতিবেদন অনুযায়ী, চতুর্থ বিষয়ের পরীক্ষা পরীক্ষা আওতাধীন বাংলাদেশের স্থানীয় পরীক্ষা কেন্দ্রের মাধ্যমে, বঙ্গ, বিজ্ঞান, বাংলাদেশ ও বিশ্ব পরিচয় এবং উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (আইসিটি) বিষয়ের পরীক্ষা আগের মতো আগের নম্বরে অনুষ্ঠিত হবে। এর মধ্যে আইসিটিতে নম্বর ৫০ ও বাকিগুলোর একেকটির নম্বর ১০০ করে।

শিক্ষা মন্ত্রণালয়ের একজন উর্ধ্বতন কর্মকর্তা এর আগে ইঙ্গিত দিয়েছিলেন, জেএসসিতে নম্বর ও বিষয় কমছে।

© স্বত্ব প্রথম আলো ১৯৯৮ - ২০১৮

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান

সিএ ভবন, ১০০ কাজী নজরুল ইসলাম অ্যাভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা ১২১৫

ফোন : ৮১৮০০৭৮-৮১, ফ্যাক্স : ৯১৩০৪৯৬, ইমেইল : info@prothom-alo.info